

Part – II
(Under 1+1+1 New System)

তৃতীয় পত্র—২০১১

পূর্ণমান—১০০

(৫, ১২ এবং ১৫ মানের উত্তর যথাক্রমে অনধিক ১০০, ২০০ এবং ৩০০
শব্দের মধ্যে লিখতে হবে)

১। মিশ্রবৃত্ত অথবা অক্ষরবৃত্ত (তান প্রধান) ছন্দের বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ আলোচনা করো। ১২

অথবা, যে-কোনো তিনটি বিষয়ে টীকা লেখো : ৪×৩
যতি, মাত্রা, পঙ্ক্তি, চরণ, কলা।

অথবা, বাংলা গদ্যছন্দ সম্পর্কে উদাহরণসহ আলোচনা করো। ১২

২। যে-কোনো দু'টি অংশের ছন্দোলিপি প্রণয়ন করো (মাত্রা, পর্ব, পদ, পঙ্ক্তি, লয়, রীতি উল্লেখ করা আবশ্যিক) : ৪×২

- (ক) উঠিলে নব শশী ছাদের' পরে বসি
আর কি উপকথা বলিবি না গো।
হৃদয়-বেদনায় শূন্য বিছানায়
বুঝি মা আঁখিজলে রজনী জাগো।
- (খ) যেই দিন ও চরণে ডালি দিনু এ-জীবন,
হাসি অশ্রু সেই দিন করিয়াছি বিসর্জন।
হাসিবার কাঁদিবার অবসর নাহি আর,
দুঃখিনী জনম-ভূমি, মা আমার, মা আমার।
- (গ) বলতে পারো বড় মানুষ মোটর কেন চড়বে
গরীব কেন সেই মোটরের তলায় চাপা পড়বে
বড় মানুষ ভোজের পাতে ফেলে লুচি মিষ্টি
গরীবরা পায় খোলামকুচি একী অনাসৃষ্টি?
- (ঘ) হেরো গো অন্তরে অরূপ সুন্দরে
নিখিল সংসারে পরম বন্ধুরে
এস আনন্দিত মিলন-অঙ্গনে
শোভন মঙ্গল সাজে।
- (ঙ) হীরা মুক্তা মাণিক্যের ঘটা
যেন শূন্য দিগন্তের ইন্দ্রজাল ইন্দ্রধনুচ্ছটা
যায় যদি লুপ্ত হয়ে যাক
শুধু থাক
এক বিন্দু নয়নের জল
কালের কপোলতলে শুভ্র সমুজ্জ্বল
এ তাজমহল।।

৩। অনুপ্রাস-এর সংজ্ঞা দাও। উদাহরণসহ অনুপ্রাসের শ্রেণীবিভাগগুলি নির্দেশ
করো। ১২

অথবা, যে-কোনো দুটি অলংকারের সংজ্ঞা দাও ও দৃষ্টান্তসহ স্বরূপ ব্যাখ্যা করো। ৬+৬

বক্রোক্তি, রূপক, বিরোধ, দৃষ্টান্ত, পূর্ণোপমা, যমক

৪। যে-কোনো দুটি অংশের অলংকার নির্ণয় করো :- ৪+৪

(ক) স্বাধীনতাহীনতায় কে বাঁচিতে চায় হে
কে বাঁচিতে চায় ?

(খ) 'ছিনু মোরা, সুলোচনে! গোদাবরী তীরে,
কপোত-কপোতী যথা উচ্চবৃক্ষচূড়ে
বাঁধি নীড় থাকে সুখে।'

(গ) এমন মানব জমিন রইল পতিত
আবাদ করলে ফলতো সোনা।

(ঘ) একটি ধানের শিষের উপরে একটি শিশির বিন্দু।

(ঙ) ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়;
পূর্ণিমা চাঁদ যেন বলসানো রুটি।।

৫। (ক) পূর্বরাগের সঙ্গে অনুরাগের সূক্ষ্ম তাত্ত্বিক পার্থক্যের ক্ষেত্রটি দুটি পর্যায়ের
দুটি পদ বিশ্লেষণ করে বুঝিয়ে দাও। ৭+৮

অথবা, (খ) 'বঁধু, তুমি যে আমার প্রাণ'

— এটি কোন পর্যায়ের পদ? পর্যায়টির পরিচয় দাও। এই পদটির কাব্যমূল্য
বিচার করো। ১+৪+১০

৬। (ক) 'হর গৌরীর কথায় আমাদের বাংলাদেশের একটা বড়ো মর্মের কথা
আছে।' — আগমনীও বিজয়া পর্যায়ের পাঠ্যপদ অবলম্বনে আমাদের দেশের উক্ত
মর্মের স্বরূপ বিশ্লেষণ করো। ১৫

অথবা, (খ) 'শান্ত কবি মাত্রই ভক্ত এবং তাঁদের সব পদেই একধরনের আকৃতির
প্রকাশ ঘটেছে।' — 'ভক্তের আকৃতি', পর্যায়ের পাঠ্য পদ অবলম্বনে এই আকৃতির
স্বরূপ ব্যাখ্যা করো। ১৫

৭। (ক) মুকুন্দ চক্রবর্তীর চণ্ডীমঙ্গল কাব্যের 'গ্রন্থোৎপত্তির কারণ' ও 'বুলান
মণ্ডলের প্রতি কালকেতু' অংশ দুটির আর্থ-সামাজিক তাৎপর্য বুঝিয়ে দাও।

$৭ \times \frac{১}{২} + ৭ \times \frac{১}{২}$

অথবা, (খ) জীবনরসিক কবি মুকুন্দ দুঃখবাদী নন, জীবনেরই জয়গান তাঁর কাব্যের
মূল সুর — তোমার পাঠ্য কালকেতু খণ্ডের আলোয় মন্তব্যটির যথাার্থ বিচার করো।

৮। (ক) 'সোই কোকিল অব লাখ লাখ ভাকউ
লাখ উদয় করু চন্দা।'

—পদকর্তা কে? এটি কোন্ পর্যায়ে পদ? উদ্ধৃতাংশটির মর্মার্থ লেখো।

১+১+৩

অথবা, 'কত চতুরানন মরি মরি যাওয়ত
ন তুয়া আদি অবসানা।'

—পদকর্তা কে? পদটি কোন্ পর্যায়ে অন্তর্ভুক্ত? উদ্ধৃতিটির তাৎপর্য

বিশ্লেষণ করো।

১+১+৩

(খ) "ওরে নবমী নিশি, না হইও রে অবসান।

শুনেছি দারুণ তুমি, না রাখ সতের মান।।"

— পদকর্তা কে? উদ্ধৃতিটির তাৎপর্য ব্যাখ্যা করো।

১+৪

অথবা,

"এক আসামী ছয়টা প্যাঁদা, বল মা কিসে সামাই করি।

আমার ইচ্ছা করে, ঐ ছয়টারে, বিষ খাওয়াইয়ে প্রাণে মারি।"

—পদকর্তা কে? পংক্তিটির তাৎপর্য বিশ্লেষণ করো।

১+৪

(গ) "আমার নগরে আইস যত ইচ্ছা চাষ চষ
তিন সন বহি দিহ কর।'

— কার উক্তি? উক্তিটির মধ্যে যে নিরাপত্তার আশ্বাস প্রতিফলিত হয়েছে, উক্তিটির অর্থ বিশ্লেষণ করে তার তাৎপর্য ব্যাখ্যা করো।

১+৪

অথবা, "খুড়া তুমি হৈলে বন্দী অনুক্ষণ আমি কান্দি
বহু তোমার নাহি খায় ভাত।'

—কে কাকে একথা বলেছে? উক্তিটির তাৎপর্য বুঝিয়ে বলো।

১+৪

চতুর্থ পত্র—২০১১

পূর্ণমান—১০০

(৫, ১০, ১৫ ও ২০ মানের উত্তর যথাক্রমে অনধিক ১০০, ২০০, ৩০০ ও ৩৫০ শব্দের মধ্যে লিখতে হবে।)

১। ট্র্যাজেডির সংজ্ঞা ও বৈশিষ্ট্যগুলি সম্পর্কে আলোচনা করো। একটি সার্থক বাংলা ট্র্যাজেডি নাটকের বিস্তারিত পরিচয় দাও।

৪+৬+১০

অথবা, যে কোন দুটি বিষয় সম্পর্কে আলোচনা করো :

১০×২

(ক) পৌরাণিক নাটক, (খ) ঐতিহাসিক নাটক, (গ) একাক্ষ (ঘ) মেলাড্রামা।

২। ন্যাশনাল থিয়েটারের সূত্রপাত কীভাবে হয়? এই থিয়েটারের প্রথম পর্বের ইতিহাস ও অভিনয় সম্পর্কে বিস্তারিত আলোচনা করে বঙ্গীয় নাট্যশালার ইতিহাসে এর তাৎপর্য ও গুরুত্ব কতখানি তা দেখাও।

৪+১০+৬